গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.১১.০০১.১৮.২২৪

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩১ / ২৮ নভেম্বর ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে (http://pmeat.teletalk.com.bd ওয়েবসাইট) এর মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে (online) বর্ণিত পদে আবেদনপত্র আহবান করা হচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহন করা হবে না।

ক্রমিক নং	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১.	হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-১০) ১৬০০০-৩৮৬৪০/-	০১ (এক) টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যবসায় প্রশাসন বা বাণিজ্য বিভাগে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী এবং কোনো পরীক্ষায় কোনো ৩য় শ্রেণী গ্রহণযোগ্য হবে না; এবং (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত।

শর্তাবলী:

১। সরকারি/আধা সরকারি, স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
২। প্রার্থীর বয়সসীমা ২৯ ডিসেম্বর ২০২৪ খ্রি: তারিখে সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
৩। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১; তারিখ: ২৩ জুলাই ২০২৪ অনুযায়ী কোটা নির্ধারিত হবে।
৪। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৫। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের নিজস্ব ওয়েবসাইট www.pmeat.gov.bd পাওয়া যাবে।
৬। আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলী:

ক) আবেদন দাখিলে ইচ্ছুক প্রার্থীকে http://pmeat.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরুপ:
  i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৯ ডিসেম্বর ২০২৪ খ্রি: তারিখ, সকাল ১০:০০ টা।
  ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৯ ডিসেম্বর ২০২৪ খ্রি: , বিকাল ৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে UserID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু নিয়োগ প্রক্রিয়ার পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online -এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণের ক্ষেত্রে পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে আবশ্যক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** i) Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy-তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

চ) Applicant's copy তে User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে **যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ দুই টি SMS করে হিসাবরক্ষণ কর্মকর্তা পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৫৮/-(আটান্ন) টাকাসহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহিত হবে না।

প্রথম SMS: PMEAT<space>**User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।**

দ্বিতীয় SMS: PMEAT<space>**Yes**<space>**PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।**

ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmeat.teletalk.com.bd অথবা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের Website:www.pmeat.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

জ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, প্রার্থীর ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial No এবং PIN No পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **PMEAT**<space>**Help**<space>**User**<space>**User ID & Send to 16222**
Example: PMEAT Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলেঃ**PMEAT**<space>**Help**<space>**PIN**<space>**PIN No & Send to 16222**
Example: PMEAT Help PIN 12345678 & send to 16222.

৭। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Applicant Copy এর কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, NID অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৮। যেকোনো তথ্য ও কারিগরি সহায়তার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও **alljobs.query@teletalk.com.bd**এবং ad.admin@pmeat.gov.bdএই মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: PMEAT, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

৯। কর্তৃপক্ষ যে কোনো সময় এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উপরে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০। বিজ্ঞপ্তিটি ট্রাস্টের নিজস্ব ওয়েবসাইট (www.pmeat.gov.bd), শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www shed.gov.bd) এবং https://alljobs.teletalk.com.bd পাওয়া যাবে। http://pmeat.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১১। ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে **Online এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান** করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর টেলিটক পোর্টালের QR Code

২৮/১০/২৪

সাইফুর রহমান খান
উপসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট